গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফডিপি শাখা।

নং-৩৫.০২১.০৩২.০০.০০.০১৩.২০১২-৮৬ তারিখ: ০২/০২/২০১৫ খ্রিস্টাব্দ।

## অফিস আদেশ

দেশের জাতীয় আঞ্চলিক ও জেলা মহাসড়ক সমূহে নির্বিঘ্নে যানচলাচল নিশ্চিত করার লক্ষ্যে চলমান উন্নয়ন প্রকল্প ও পিএমপি কর্মসূচীভুক্ত কাজের গুনগতমান ও অগ্রগতি মনিটরিং এবং প্রয়োজনীয় প্রাসঙ্গিক পদক্ষেপ গ্রহণ করার নিমিত্ত পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে মনিটরিং কমিটিসমূহ গঠন করা হল এবং নামের বিপরীতে উল্লিখিত সড়ক বিভাগসমূহের দায়িত্ব প্রদান করা হলঃ

### পূর্বাঞ্চল

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল | নিজ জেলা | সড়ক বিভাগের নাম | জোনের নাম<br>সার্কেলের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | (ক) জনাব সফিকুল ইসলাম<br>যুগ্ম-সচিব (বাজেট),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব আবু এতেহশাম রাশেদ<br>নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ, তদন্ত বিভাগ, ঢাকা।<br>(গ) জনাব মোহাঃ লিয়াকত আলী খান, সহকারী সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | (ক) বরিশাল<br>(খ) নওগাঁ<br>(গ) কুষ্টিয়া | (১) ঢাকা<br>(২) মানিকগঞ্জ<br>(৩) টাংগাইল | ঢাকা<br>ঢাকা ও জামালপুর | |
| ২ | (ক) জনাব মোঃ আব্দুল মালেক<br>যুগ্ম-সচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি)<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব এ কে এম মনির হোসেন পাঠান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্লানিং, মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন সার্কেল, ঢাকা। | (ক) যশোর<br>(খ) চাঁদপুর | (১) গাজীপুর<br>(২) নরসিংদী | ঢাকা<br>ঢাকা | |
| ৩ | ক) জনাব মোহাম্মদ শফিকুল করিম<br>উপ-সচিব (নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব কবির উদ্দিন আহমেদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সেতু নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা। | (ক) ফেনী<br>(খ) ফরিদপুর | (১) নারায়ণগঞ্জ<br>(২) মুন্সীগঞ্জ | ঢাকা<br>ঢাকা | |
| ৪ | (ক) বেগম যাহিদা খানম<br>যুগ্ম-সচিব (সমন্বয় ও প্রশিক্ষণ)<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব মোঃ সামসুল হক, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল), ঢাকা। | (ক) ফরিদপুর<br>(খ) ফরিদপুর | (১) নেত্রকোনা<br>(২) ময়মনসিংহ<br>(৩) কিশোরগঞ্জ | ময়মনসিংহ<br>ময়মনসিংহ | |
| ৫ | (ক) জনাব মোঃ সামছুল করিম ভূঁইয়া<br>যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব মোহাম্মদ নাজমুল হক<br>উপ-প্রকল্প পরিচালক (নিঃপ্রঃ, চঃদাঃ), সওজ টেকনিক্যাল এসিসট্যান্স ফর সাব রিজিওনাল রোড ট্রান্সপোর্ট প্রজেক্ট প্রিপারেটরি ফ্যাসিলিটি। | (ক) চট্টগ্রাম<br>(খ) ময়মনসিংহ | (১) জামালপুর<br>(২) শেরপুর | ময়মনসিংহ<br>জামালপুর | |
| ৬ | (ক) জনাব মোঃ জামাল উদ্দিন আহমেদ<br>যুগ্ম-সচিব (এস্টেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব তুষার কান্তি সাহা<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সেতু ডিজাইন সার্কেল,<br>(গ) জনাব মোহাম্মদ আবু ছাবের<br>হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক বিভাগ | (ক) চট্রগ্রাম<br>(খ) ফরিদপুর<br>(গ) চট্রগ্রাম | (১) কুমিল্লা<br>(২) বি-বাড়িয়া | কুমিল্লা<br>কুমিল্লা | |
| ৭ | (ক) জনাব মোঃ আব্দুর রৌফ খান<br>যুগ্ম-সচিব (আইন ও সংস্থা),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব মোঃ মাহবুবুল আলম খান<br>নির্বাহী প্রকৌশলী, সওজ, ডাটাবেইজ বিভাগ, ঢাকা | (ক) মানিকগঞ্জ<br>(খ) বগুড়া | (১) রাঙ্গামাটি<br>(২) বান্দরবন<br>(৩) খাগড়াছড়ি | চট্টগ্রাম<br>রাঙ্গামাটি ও খাগড়াছড়ি | |

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল | নিজ জেলা | সড়ক বিভাগের নাম | জোনের নাম<br>সার্কেলের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৮ | (ক) জনাব মোঃ আজহারুল ইসলাম খান<br>উপ-সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব রেজাউল করিম, নির্বাহী প্রকৌশলী, সওজ, সেতু ডিজাইন বিভাগ-২, ঢাকা।<br>(গ) জনাব মোঃ গোলাম জিলানী<br>সহকারী সচিব (সম্পত্তি),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | (ক) শেরপুর<br>(খ) ভোলা<br>(গ) মাদারীপুর | (১) চট্টগ্রাম<br>(২) দোহাজারী<br>(৩) কক্সবাজার | চট্রগ্রাম<br>চট্রগ্রাম | |
| ৯ | (ক) জনাব দীপঙ্কর মন্ডল<br>উপসচিব(ডিটিসিএ ও ডিএমটিসি)<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>খ) মোছাম্মৎ ফারহানা রহমান<br>সিনিয়র সহকারী সচিব (সওজ গেজেটেড সংস্থাপন),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(গ) শামীমা নার্গিস<br>নিবর্হী প্রকৌশলী, সওজ, মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। | (ক) খুলনা<br>(খ) হবিগঞ্জ<br>(গ) চাপাইনবাবগঞ্জ | (১) নোয়াখালী<br>(২) ফেনী<br>(৩) লক্ষিপুর<br>(৪) চাঁদপুর | নোয়াখালী<br>নোয়াখালী ও কুমিল্লা | |
| ১০ | (ক) জনাব চন্দন কুমার দে<br>উপ-সচিব (অর্থনৈতিক ও আন্তর্জাতিক সংযোগ শাখা),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব শফিউল আজম, নির্বাহী প্রকৌশলী (চ:দা:, সওজ, ডাটাবেইজ বিভাগ,ঢাকা। | (ক) চট্রগ্রাম<br>(গ) নোয়াখালী | (১) সিলেট<br>(২) সুনামগঞ্জ | সিলেট<br>সিলেট | |
| ১১ | (ক) ড. সৈয়দা সালমা বেগম<br>সিনিয়র সহকারী সচিব (জিএফডিপি)<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব আসিফ ইকবাল মোহাম্মদ ফয়সাল, প্রকল্প ব্যবস্থাপক-২, বিআরটি প্রকল্প, ঢাকা<br>(গ) জনাব মুহাম্মদ মিজানুর রহমান সরকার<br>সিনিয়র সহকারী সচিব (অডিট),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | (খ) নোয়াখালী<br>(খ) নোয়াখালী<br>(গ) দিনাজপুর | (১) হবিগঞ্জ<br>(২) মৌলভীবাজার | সিলেট<br>মৌলভীবাজার | |

## পশ্চিমাঞ্চল

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১২ | ক) জনাব মোঃ আলাউদ্দিন ফকির<br>যুগ্মসচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব মোঃ মনিরুজ্জামান<br>নিবর্হী প্রকৌশলী, সওজ, রোড ডিজাইন বিভাগ, ঢাকা | (ক) বরিশাল<br>(খ) বি-বাড়িয়া | (১) খুলনা<br>(২) গোপালগঞ্জ | খুলনা ও গোপালগঞ্জ<br>খুলনা ও গোপালগঞ্জ | |
| ১৩ | (ক) জনাব মোঃ দেলোয়ার হোসেন<br>উপ-সচিব (রক্ষণাবেক্ষণ),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব সুশীল কুমার সাহা<br>নির্বাহী প্রকৌশলী, সওজ, রোড সেফটি বিভাগ, ঢাকা। | (ক) নারায়নগঞ্জ<br>(খ) পাবনা | (১) যশোর<br>(২) নড়াইল<br>(৩) মাগুড়া<br>(৪) ঝিনাইদহ | খুলনা<br>যশোর | |
| ১৪ | (ক) জনাব মোঃ মেহেদী হাসান<br>উপ-সচিব (বিআরটিএ সংস্থাপন)<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব মোঃ ফজলে রব্বে<br>নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), সওজ, তদন্ত বিভাগ, ঢাকা। | (ক) চাঁদপুর<br>(খ) চুয়াডাঙ্গা | (১) বাগেরহাট<br>(২) সাতক্ষীরা | খুলনা<br>খুলনা | |
| ১৫ | (ক) জনাব মুহাম্মদ আউয়াল মোল্লা,<br>উপপ্রধান (সওজ জিওবি),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>খ) জনাব অপূর্ব কুমার মন্ডল<br>সিনিয়র সহকারী সচিব (বাজেট)<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | (ক) মুন্সিগঞ্জ<br>(খ) খুলনা | (১) মেহেরপুর<br>(২) চুয়াডাঙ্গা<br>(৩) ঝিনাইদহ | খুলনা<br>যশোর | |
| ১৬ | (ক) জনাব মোঃ রবিউল ইসলাম<br>উপ-প্রধান (পরিকল্পনা ও কার্যক্রম),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব মোঃ শাহাদাত হোসেন<br>নির্বাহী প্রকৌশলী, সওজ, সেতু ডিজাইন বিভাগ-১, ঢাকা | (ক) রংপুর<br>(খ) কুমিল্লা | (১) মাদারীপুর<br>(২) শরিয়তপুর | গোপালগঞ্জ<br>গোপালগঞ্জ | |

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল | নিজ জেলা | সড়ক বিভাগের নাম | জোনের নাম<br>সার্কেলের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৭ | (ক) বেগম আলিফ রুদাবা<br>সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা,<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(গ) ফাহমিদা হক খান<br>নির্বাহী প্রকৌশলী, সওজ, প্ল্যানিং ডিভিশন-১, ঢাকা। | (ক) নরসিংদী<br><br><br>(খ) ময়মনসিংহ | (১) ফরিদপুর<br>(২) রাজবাড়ী | গোপালগঞ্জ<br>ফরিদপুর | |
| ১৮ | (ক) জনাব মোঃ আব্দুল হামিদ<br>যুগ্ম-সচিব (বিআরটিসি),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব শাহ মোহাম্মদ শামস মোকাদ্দেস<br>নির্বাহী প্রকৌশলী, সওজ, পিরিয়ডিক মেইনটেন্স বিভাগ-১, ঢাকা। | (ক) রাজবাড়ী<br><br><br>(খ) জামালপুর | (১) ঝালকাঠি<br>(২)পিরোজপুর | বরিশাল<br>বরিশাল | |
| ১৯ | ক) জনাব মনীন্দ্র কিশোর মজুমদার<br>উপসচিব (সম্পত্তি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>খ) জনাব মশিউর রহমান<br>নির্বাহী প্রকৌশলী, সওজ, মৃত্তিকা অনুসন্ধান বিভাগ, ঢাকা। | (ক) কুমিল্লা<br><br>(খ) ঝিনাইদহ | (১) বরিশাল<br>(২) ভোলা | বরিশাল<br>বরিশাল | |
| ২০ | (ক) জনাব এস এম ফেরদৌস আলম<br>উপ-সচিব (সমন্বয় ও প্রশিক্ষণ)<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) ) সৈয়দ আসলাম আলী,<br>প্রকল্প ব্যবস্থাপক, The Kanchpurc Meghna and Gumti 2nd Bridge Construction and Existing Bridges Rehabilitation শীর্ষক প্রকল্প (কাঁচপুর সেতু), ঢাকা। | (ক) রংপুর<br><br><br>(খ) ঝিনাইদহ | (১) বরগুনা<br>(২) পটুয়াখালী | বরিশাল<br>পটুয়াখালী | |
| ২১ | (ক) বেগম রওশন আরা বেগম<br>যুগ্ম-সচিব (তদন্ত ও শৃঙ্খলা),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব মোঃ সাব্বির হাসান খান<br>নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ, সওজ), ডকুমেন্টেশন এন্ড প্রকিউরমেন্ট বিভাগ, সড়ক ভবন, রমনা, ঢাকা। | (ক) বরগুনা<br><br><br>(খ) নারায়নগঞ্জ | (১) রাজশাহী<br>(২) চাঁপাইনবাবগঞ্জ<br>(৩) নওগাঁ | রাজশাহী<br>রাজশাহী | |
| ২২ | (ক) জনাব মোঃ মাহবুবের রহমান<br>সিনিয়র সহকারী প্রধান (কার্যক্রম ও এডিপি),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) খান মোঃ কামরুল আহসান<br>প্রকল্প ব্যবস্থাক, ৭ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (কাজিরটেক সেতু) নির্মাণ প্রকল্প, মাদারীপুর | (ক) চাঁদপুর<br><br><br>(খ) শরিয়তপুর | (১) সিরাজগঞ্জ<br>(২) পাবনা<br>(৩) নাটোর | রাজশাহী<br>পাবনা | |
| ২৩ | (ক) জনাব আনোয়ার হোসেন চৌধুরী<br>উপ-সচিব (বাজেট ও অডিট),<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব মোহাম্মদ বরিউল আলম<br>নির্বাহী প্রকৌশলী, সওজ, মনিটরিং বিভাগ, ঢাকা | (ক) হবিগঞ্জ<br><br><br>(খ) জামালপুর | (১) রংপুর<br>(২) কুড়িগ্রাম<br>(৩) লালমনিরহাট | রংপুর<br>রংপুর | |
| ২৪ | (ক) বেগম তসলিমা কানিজ নাহিদা<br>সিনিয়র সহকারী সচিব (নন-গেজেটেড সংস্থাপন)<br>(খ জনাব মোঃ আব্দুর রহমান কাওছার<br>নির্বাহী প্রকৌশলী, সওজ (চঃ দাঃ)<br>সেতু ডিজাইন বিভাগ-২ (পূর্ব)<br>(গ) মাহফুজা আক্তার<br>সহকারী প্রধান, সড়ক বিভাগ | (ক) টাংগাইল<br><br>(খ) ঢাকা<br><br><br>(গ) টাঙ্গাইল | (১) বগুড়া<br>(২) জয়পুরহাট<br>(৩) গাইবান্ধা | রংপুর<br>বগুড়া | |
| ২৫ | (ক) জনাব পরিতোষ হাজরা<br>সিনিয়র সহকারী সচিব (ডিএফডিপি শাখা)<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) জনাব মোঃ আব্দুর রহিম,<br>নির্বাহী প্রকৌশলী, সওজ<br>উপকরণ পরীক্ষা ও রক্ষনাঃ বিভাগ,ঢাকা | (ক) সিলেট<br><br><br>(খ) টাংগাইল | (১) নীলফামারী<br>(২) দিনাজপুর<br>(৩) পঞ্চগড়<br>(৪) ঠাঁকুরগাঁও | রংপুর<br>দিনাজপুর | |

২। কমিটির কার্যপরিধি:

(ক) Priodic Maintenance Programme (PMP) মেজর ও মাইনর কর্মসূচীর অন্তর্ভূক্ত কাজ স্পেসিফিকেশন ও গুনগত মান বজায় রেখে ও কর্ম পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন হচ্ছে কিনা তা তদারক করা;

(খ) এডিপিভুক্ত (জিওবি এবং বৈদেশিক সহায়তাপুষ্ট) চলমান প্রকল্পসমুহের কাজ স্পেসিফিকেশন ও গুনগত মান বজায় রেখে ও কর্ম পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন হচ্ছে কিনা তা তদারক করা;

(গ) সড়ক নেটওয়ার্ক ক্ষতিগ্রস্ত করতে পারে এবং যান চলাচল ও জনসাধারণের চলাচলে বিঘ্ন ঘটতে পারে এমন উদ্ভূত যে কোন প্রাসঙ্গিক বিষয়াদি যথাসময়ে যথাযথ কর্তৃপক্ষের গোচরে আনা;

(ঘ) পূর্ববর্তী পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত পরামর্শ/নির্দেশনাসমুহ যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে কিনা তা খতিয়ে দেখা;

(ঙ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা তা তদারক করা;

(চ) সড়ক বিভাগের আওতাধীন ফেরিঘাট ও ফেরিপন্টুনের যথাযথ ব্যবহার নিশ্চিত হচ্ছে কিনা তা তদারক করা;

(ছ) বৃক্ষরোপন কর্মসূচীর বিষয়ে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন হচ্ছে কি না তা তদারক করা; এবং

(জ) সকল ইকুইপমেন্ট এর যথাযথ ব্যবহার হচ্ছে কিনা তা খতিয়ে দেখা।

৩। কমিটিসমূহ কমপক্ষে প্রতি ১৫ (পনের) দিনে একবার প্রধানতঃ সরকারী ছুটির দিন সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করবেন।

৪। কমিটির প্রতিবেদন সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর দাখিল করে হার্ডকপি ও সফট কপি সমন্বয়কারী এবং এ বিভাগের আইসিটি ইউনিট, রক্ষণাবেক্ষণ অধিশাখা, ডিএফডিপি এবং জিএফডিপি শাখায় প্রেরণ করতে হবে। যে সকল প্রতিবেদনের উপর কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন সংশ্লিষ্ট অধিশাখা/শাখা হতে আবশ্যিকভাবে উহা নথিতে উপস্থাপন করতে হবে।

৫। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, কুমিল্লা ও সিলেট জোনের এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ রাজশাহী, খুলনা, গোপালগঞ্জ, বরিশাল ও রংপুর জোনের মনিটরিং কমিটিসমূহের কর্মকান্ড সমন্বয় সাধন করবেন।

৬। সকল মনিটরিং কমিটিকে সকল ধরণের সহযোগিতা প্রদানের জন্য প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর অনতিবিলম্বে সকল জোন, সার্কেল ও সড়ক বিভাগকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৭। ইতোপূর্বে জারিকৃত এতদসংক্রান্ত সকল আদেশ এতদ্বারা বাতিল করা হল।

৮। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তঃ করণীয়।

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

বিতরণ:

০১. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সকল কর্মকর্তা।
০২. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা।

নং-৩৫.০২১.০৩২.০০.০০.০০১৩.২০১২-৮৬ তারিখঃ ০২/০২/২০১৫খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিজিএ ভবন, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা।
৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা।
৮। আইসিটি ইউনিট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা। (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(ড. সৈয়দা সালমা বেগম)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৭৫৫২৯

*D:\Inspection\Inspection(6 march).doc-100*

# মনিটরিং টিম এর করণীয় বিষয়সমূহঃ

**ফোল্ডার সংরক্ষণ করাঃ**

(১) সংশিষ্ট সড়ক বিভাগ, সার্কেল ও জোনের ম্যাপ;

(২) সংশিষ্ট সড়ক বিভাগ, সার্কেল ও জোন এর সকল কর্মকর্তা, সংশিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, সড়ক ও জনপথ অধিদপ্তর এবং মন্ত্রণালয়ের সংশিষ্ট কর্মকর্তাগণের টেলিফোন/মোবাইল নম্বর;

(৩) এক নজরে সংশিষ্ট বিভাগ, সার্কেল ও জোন এর মৌল তথ্যাদি;

(৪) সড়ক বিভাগ ভিত্তিক জিওবি এবং বৈদেশিক সাহায্যপুষ্ট উন্নয়ন প্রকল্পের তালিকা ও তথ্যাদি (সমাপ্তিযোগ্য, অগ্রাধিকারমূলক ও চলমান প্রকল্প ভিত্তিক);

(৫) সড়ক বিভাগ ভিত্তিক ২০১৪-২০১৫ অর্থ বছরের চলমান পিএমপি (সড়ক) ও পিএমপি (সেতু) তালিকা;

(৬) সড়ক বিভাগ ভিত্তিক বিগত অর্থ বছর সমূহে গৃহীত ও অসমাপ্ত/চলমান পিএমপি (সড়ক) ও পিএমপি (সেতু) তালিকা;

(৭) মাইনর পিএমপি এর জন্য বরাদ্দ, গৃহীত কর্মসূচী, গৃহীতব্য কর্মসূচী এবং ব্যয়ের সর্বশেষ অবস্থা;

(৮) উদ্বোধনযোগ্য সড়ক, ব্রীজ,কালভার্ট-এর বিবরণসহ তালিকা;

(৯) বিভাগ ভিত্তিক অগ্রাধিকার কর্মসূচীর তালিকা;

(১০) আওতাধীন সড়কসমূহে সর্বশেষ গৃহীত/সম্পাদিত কাজের নাম, সমাপ্তির সুনির্দিষ্ট সময়, সম্পাদিত কাজের ব্যয়ের পরিমান ইত্যাদি তথ্য;

(১১) সর্বশেষ ২ মাসের পরিদর্শন প্রতিবেদন এবং পরিদর্শনকালীন প্রদত্ত সুপারিশের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ;

(১২) মনিটরিং টিম গঠন সংক্রান্ত জারীকৃত প্রজ্ঞাপন ও এতদ্সংক্রান্ত প্রযোজ্য কাগজপত্র;

**পরিদর্শনকালীন বিবেচ্য বিষয়সমূহঃ**

(১) প্রতিটি বিভাগে পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ। পরিদর্শনকালীন প্রাপ্ত বিচ্যুতি, এতদ্বিষয় করণীয়, প্রযোজ্য ক্ষেত্রে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদানপূর্বক কাজ সম্পাদনের সময় উলেখ ইত্যাদি বিষয়গুলো মনিটরিং টিম কর্তৃক রেজিস্ট্রারে উলে-খপূর্বক লিপিবদ্ধ রাখা;

(২) প্রতিটি সড়ক বিভাগ গৃহীতব্য কাজের জন্য অগ্রাধিকার তালিকা প্রণয়ণপূর্বক (Based on HDM, VIP Visits, Roads Clasification on Planing Commision.) সংরক্ষণ করবে। পরিদর্শনকালীন উক্ত অগ্রাধিকার তালিকা অনুযায়ী ব্যবস্থা গৃহীত হচ্ছে কিনা তা দেখা, করণীয় বিষয়ে পরামর্শ প্রদান;

(৩) প্রকল্প ও কর্মসূচী ক্ষেত্রে-

(ক)কার্যাদেশ অনুযায়ী কাজ শুরু ও সমাপ্তির তারিখ পর্যালোচনা, সময় বর্ধিত হলে তার কারণ এবং যৌক্তিকতা পর্যলোচনা(প্রতি বারের জন্য);

(খ) Defect Liability Period এর মধ্যে সড়ক নষ্ট/খারাপ হয়ে গেলে তা সংশিষ্ট ঠিকাদার কর্তৃক মেরামত করা হয়েছে কিনা;

(গ) কার্যাদেশ অনুযায়ী Work Plan ছিল কিনা এবং সে অনুযায়ী কাজ বাস্তবায়ন হচ্ছে কিনা, না হয়ে থাকলে তার কারণ নির্ণয় ও সুপারিশ প্রদান;

(ঘ) বিভিন্ন প্রকল্প/কর্মসূচীতে নিয়োজিত ঠিকাদারগণের Performance evaluation পূর্বক হালনাগাদ তথ্যাদি নির্বাহী প্রকৌশলী কর্তৃক সংরক্ষণ করা হয় কিনা, সে সম্পর্কিত তথ্যাদি;

(ঙ) প্রকল্প/কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে

(১) প্রথমেই ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি শিফটিং এবং অবৈধ স্থাপনা অপসারণ কাজ সম্পন্ন করা

(২) প্রথমেই ব্রীজ/কালভার্ট নির্মাণের জন্য টেন্ডার আহবান করা

(৩) ব্রীজ/কালভার্ট এর পর সড়ক কাজের দরপত্র আহবান করা

সকল ক্ষেত্রে উলিখিত পদ্ধতি অনুসরণ করা হয়েছে কিনা তা যাচাই করা পরীক্ষা করা তা পর্যালোচনা করা এবং ভবিষ্যতে তার অনুসরণের বিষয়টি নিশ্চিত করা;

(চ) বিদ্যমান ঠিকাদার ওয়ার্ক প্ল্যান অনুযায়ী কাজ সম্পাদনের জন্য কার্যকর ও দৃশ্যমান উদ্যোগ গ্রহণ করেছেন কিনা, না করলে কেন এবং এতদবিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণ;

(ছ) মেগা প্রকল্প কিংবা বড় প্রকল্পগুলোর ক্ষেত্রে নির্ধারিত বিভাগে প্রকল্পের অন্তর্ভুক্ত কাজগুলো পরিদর্শনপূর্বক প্রকল্প পরিচালক এবং উক্ত প্রকল্পের সাথে সংশিষ্ট অন্যান্য সড়ক বিভাগের কাজের সমন্বয় সাধনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(৪) সওজ এর মালিকানাধীন সম্পত্তির রের্কডপত্র সংরক্ষণ করা হয় কিনা, রেকর্ড পত্রাদি হালনাগাদ আছে কিনা, সে সম্পর্কিত তথ্যাদির পর্যালোচনা ও পরবর্তী করণীয় নির্ধারণ;

(৫) সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং প্রেসক্লাব প্রতিনিধির সাথে মতবিনিময়;

(৬) জেলা উন্নয়ন সমন্বয় সভা, আইন-শৃঙ্খলা কমিটির সভাসহ জেলা পর্যায়ের অন্যান্য সভায় নির্বাহী প্রকৌশলীর উপস্থিতির তথ্যাদি পর্যালোচনা, গৃহীত সিদ্ধান্ত ও তা বাস্তবায়নের বিষয়ে পর্যালোচনা;

(৭) পূর্ববর্তী পরিদর্শন প্রতিবেদনসমূহ, রেজিষ্ট্রার উলিখিত বিষয়াদির বাস্তবায়ন সংক্রান্ত ফলো-আপ;

(৮) সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত/চলমান বনায়ন কার্যক্রমের পর্যালোচনা;

(৯) এক্সেল কন্ট্রোল স্টেশন-এর কার্যক্রম (প্রযোজ্য ক্ষেত্রে) পরিদর্শনপূর্বক সুপারিশ প্রদান;

(১০) সড়ক বিভাগের আওতাধীন সড়ক ও সেতুরসমূহের টোল আদায় সংক্রান্ত বিষয় পর্যালোচনা;

(১১) সড়ক বিভাগের আওতাধীন ফেরিঘাটসমূহে ফেরির সংখ্যা, যান চলাচল ইত্যাদি পর্যালোচনায় প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(১২) সংশিষ্ট সড়ক বিভাগে কর্মরত ঠিকাদারগণের কাজের মান, কাজ সম্পাদনের আগ্রহ, আর্থিক সংগতি ইত্যাদি বিষয়ে প্রাপ্ত তথ্যের আলোক পৃথক মূল্যায়ন;

(১৩) সড়কে ব্ল্যাক স্পষ্ট থাকলে তা নিরসনের নিমিত্ত প্রয়োজনীয় সুপারিশ;

(১৪) সড়কের সাইন, সিগন্যাল, কিলোমিটার পোষ্ট ইত্যাদি আছে কিনা তা পর্যবেক্ষণপূর্বক সুপারিশ প্রদান;

(১৫) প্রকল্প/কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে bitumen, পাথর, ইট ইত্যাদি Materials এর গুনাগুন পরীক্ষা করা হয়েছে কিনা এবং এ ক্ষেত্রে সওজের বিদ্যমান Laboratory এর সুবিধা গ্রহণ করা হয়েছে কিনা, সে সম্পর্কিত তথ্যাদি;

(১৬) স্পীড ব্রেকার অপসারণের ক্ষেত্রে অগ্রগতি;

(১৭) জোন/সার্কেল ভিত্তিক প্রতিমাসে মাসিক ভিত্তিক অগ্রগতি পর্যালোচনা সভা অনুস্ঠিত হয় কিনা, পূর্বের সভার Follow up করা হয় কিনা, সে সম্পর্কিত তথ্যাদি;

(১৮) সড়ক বিভাগে বিদ্যমান ইকুইপমেন্টের পরিমাণ পর্যালোচনায় প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(১৯) আসন্ন বর্ষা মৌসুমে প্রস্তুতি হিসেবে প্রয়োজনীয় মালামাল যেমন-বিটুমিন, পাথর, নুড়ি পাথর, ইট, খোয়া, বালি ইত্যাদি মজুত করা হয়েছে কিনা;

(২০) সড়ক বিভাগের আওতাধীন নেটওয়ার্কে অবস্থিত বেইলী সেতুসমূহ নিয়মিত সংস্কার/মেরামত করা হয় কিনা, প্রয়োজনীয় চাহিদা যাচাইপূর্বক সুপারিশ প্রদান;

(২১) কাজ সমাপ্তির সময় ঠিকাদার কর্তৃক সংশিষ্ট কাজের সংযুক্ত Soft shoulder, Sign Signal সহ চুক্তিবদ্ধ সকল কাজ করেছে কিনা তা আইপিসি ইস্যুর পূর্বে নির্বাহী প্রকৌশলী ও উপবিভাগীয় প্রকৌশলী বুঝে নিতে হবে। কাজগুলো বুঝে নিয়েছেন কিনা তার ডকুমেন্টসমূহ যাচাই করা;

## পরিদর্শন পরবর্তী করণীয়ঃ

(১) প্রয়োজনীয় অর্থ ছাড়-এর বিষয়টি তদারকিপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(২) ভূমি অধিগ্রহণ-এর বিষয় অন্তর্ভুক্ত থাকলে প্রশাসনিক অনুমোদন, সংশিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে গৃহীতব্য ব্যবস্থাদির তদারিক, প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সংক্রান্ত সকল বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

(৩) ইউটিলিটি অপসারণ-এর ক্ষেত্রে অনুমোদন, আন্তঃমন্ত্রণালয়/আন্তঃদপ্তর সমন্বয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(৪) দরপত্র অনুমোদন কিংবা প্রকল্প/কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা থাকলে তা পর্যালোচনাপূর্বক পরবর্তী পদক্ষেপ গ্রহণ;

(৫) প্রকল্প/কর্মসূচীর মেয়াদ বৃদ্ধি, ডিপিপি সংশোধন, আন্তঃখাত সমন্বয় ইত্যাদি বিষয়ে মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় পরবর্তী পদক্ষেপ গ্রহণ;

(৬) প্রতিসাপ্তাহের প্রথম কর্মদিবসে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সময় সময়ে সংশিষ্ট নির্বাহী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌলশী এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশিষ্ট প্রকল্প পরিচালকের সাথে টেলিফোনে মতবিনিময় ও করণীয় বিষয়াদির ফলোআপ;

(৭) পরিদর্শন পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে উন্নয়ন ও অনুন্নয়ন খাতের জন্য পৃথকভাবে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।